# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

**পরিধারণ বিভাগ**

Phone: 9550505 email:dgmicd@krishibank.org.bd


বিকেবি/প্রকা/পরিধারণ/ঋণ-০১ /২০২৩-২০২৪/ ১৬৮ তারিখ ঃ ২০/০৯/২০২৩

০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
০৩। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় ঃ ২.০০ (দুই) কোটি ও তদুর্ধ্ব টাকার নতুন ঋণ মঞ্জুরি এবং বর্ধিত নবায়ন মঞ্জুরির ক্ষেত্রে মহাব্যবস্থাপক/হেড অব আইসিসি'র মতামত গ্রহণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপর্যুক্ত বিষয়ে প্রধান কার্যালয়ের ক্রেডিট বিভাগ কর্তৃক জারীকৃত পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ২২/২০১৮ তারিখ ০১/১০/২০১৮ মোতাবেক ২.০০ (দুই) কোটি ও তদুর্ধ্ব টাকার নতুন ঋণ মঞ্জুরি এবং বর্ধিত নবায়ন মঞ্জুরির ক্ষেত্রে মহাব্যবস্থাপক/হেড অব আইসিসি'র মতামত গ্রহণকালে সংযুক্ত পরিশিষ্ট 'ক'-০১ এ উল্লেখিত কাগজপত্রাদি/তথ্যাদি প্রেরণ করার নির্দেশনা রয়েছে। সম্প্রতি দেখা যাচ্ছে যে, উক্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করা হচ্ছে না, ফলে হেড অব আইসিসি'র মতামত প্রদানে বিড়ম্বনার সৃষ্টি হচ্ছে।

০৩। এমতাবস্থায়, ঋণ প্রস্তাব প্রক্রিয়াকালে ২.০০ (দুই) কোটি ও তদুর্ধ্ব টাকার নতুন ঋণ মঞ্জুরি এবং বর্ধিত নবায়ন মঞ্জুরির ক্ষেত্রে হেড অব আইসিসি'র মতামত গ্রহণের জন্য আবশ্যিকভাবে সংযুক্ত (পরিশিষ্ট 'ক'-০১) অনুযায়ী ঋণনথি সুচিকরণপূর্বক (Indexing) প্রধান কার্যালয়/অত্র বিভাগে প্রেরণ করার জন্য পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২০/০৯/২৩

(সৈয়দ লিয়াকত হোসেন)
উপমহাব্যবস্থাপক

সংযুক্তিঃ ০৪(চার) পাতা।

বিকেবি/প্রকা/পরিধারণ/ঋণ-০১ /২০২৩-২০২৪/ ১৬৮ (১২৫০) তারিখঃ ২০/০৯/২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর,বিকেবি, বিভাগীয় কার্যালয়সমূহ/ স্থানীয় মুখ্য কার্যালয়।
০৪। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৫। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
০৬। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে) বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/মহানথি।

২০/৯/২০২৩

(মোঃ নুরুল ইসলাম)
উর্ধতন মুখ্য কর্মকর্তা

**পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ২২/২০১৮ তারিখ ০১/১০/২০১৮ মোতাবেক ২.০০ (দুই) কোটি ও তদুর্ধ্ব টাকার নতুন ঋণ মঞ্জুরি এবং বর্ধিত নবায়ন মঞ্জুরির ক্ষেত্রে মহাব্যবস্থাপক / হেড অব আইসিসি'র মতামত গ্রহণ এর জন্য চেক লিস্ট ঃ**

২.০০ (দুই) কোটি ও তদুর্ধ্ব টাকার নতুন ঋণ মঞ্জুরি এবং বর্ধিত নবায়ন মঞ্জুরির ক্ষেত্রে মহাব্যবস্থাপক /হেড অব আইসিসি'র মতামত যথাযথভাবে প্রণয়নের লক্ষ্যে ঋণ প্রস্তাবের জন্য প্রয়োজনীয় কাগজপত্রের সাথে নিম্নে বর্ণিত তথ্যাদি/ কাগজ পত্রাদি (প্রযোজ্য ক্ষেত্রে) শাখা কর্তৃক সুচিকরণপূর্বক প্রেরিত নথির সাথে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে ঃ

০২.০০ **সকল ঋণের ক্ষেত্রে প্রযোজ্য (Common)ঃ**

| ক্রম | পর্যবেক্ষণের বিষয় | নথি পৃষ্ঠা নং | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | গ্রাহক প্রতিষ্ঠানের ঋণ আবেদন পত্রের কপি (প্রতিষ্ঠানের প্যাডে)। | | |
| ০২ | প্রতিষ্ঠানটির অত্র ব্যাংকে ঋণ বিদ্যমান থাকলে মঞ্জুরিপত্রের ও বন্ধকি দলিলের ফটোকপি। | | |
| ০৩ | প্রতিষ্ঠানের প্যাডে কোম্পানির পরিচালনা পরিষদ কর্তৃক ঋণ গ্রহণ সংক্রান্ত সিদ্ধান্ত সমূহ (Board Resolution) এর কপি (লিমিটেড কোম্পানির ক্ষেত্রে)। | | |
| ০৪ | সকল গ্রাহক/উদ্যোক্তাগণের নিজ স্বাক্ষরকৃত জীবন বৃত্তান্ত, শাখা কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজের ১ কপি ছবি, ভিজিটিং কার্ড, জাতীয় পরিচয় পত্র এবং e-TIN এর ফটোকপি। | | |
| ০৫ | শাখা কর্তৃক সঠিকভাবে উদ্যোক্তা চিহ্নিতকরণ করা হয়েছে মর্মে প্রত্যয়নপত্র। উক্ত প্রত্যয়নপত্রে ৬সি (6C) অর্থাৎ<br>১। কোম্পানির উদ্যোক্তাগণের চরিত্র (Character),<br>২। ঋণ পরিশোধের সামর্থ্য (Capacity),<br>৩। পর্যাপ্ত মূলধন আছে কিনা (Capital),<br>৪। পর্যাপ্ত জামানত দিতে পারবে কিনা (Collateral),<br>৫। ঋণ গ্রহণ ও পরিশোধের শর্ত পরিপালনের সামর্থ্য আছে কিনা (Condition),<br>৬। পারিপার্শ্বিক সম্পর্কে সঠিক ধারণা আছে কিনা (Common Sense) উল্লেখ করতে হবে। | | |
| ০৬ | আয়কর কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত সকল উদ্যোক্তাগণের হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্র এবং দায় ও পরিসম্পদ সম্বলিত IT 10B এর কপি। | | |
| ০৭ | আয়কর কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত গ্রাহক প্রতিষ্ঠানের হালনাগাদ আয়কর রির্টার্ণ (Income Tax Return) এবং আয়কর প্রত্যয়ন পত্রের কপি। | | |
| ০৮ | কোম্পানির মেমোরেন্ডাম অব এ্যাসোসিয়েশন, আর্টিকেল অব এ্যাসোসিয়েশন এর কপি এবং সার্টিফিকেট অব ইনকর্পোরেশন (প্রযোজ্য ক্ষেত্রে) এর কপি। প্রযোজ্য ক্ষেত্রে শেয়ার মালিকানা হস্তান্তর, শেয়ার মূলধন সংক্রান্ত রেজিষ্ট্রার অব জয়েন্ট ষ্টক কোম্পানীজ এন্ড ফার্মস (RJSC) এর নিম্নে বর্ণিত ফরম সমূহের কপিঃ<br>ফরম-IXঃ পরিচালকদের পরিচিতি (Consent of Directors of Act)<br>ফরম-Xঃ পরিচালকদের নামের তালিকা (List of personal consenting to directors)<br>ফরম-XIIঃ পরিচালকদের পরিবর্তন (Particulars of Directors)<br>ফরম-XVঃ শেয়ার বন্টন (Return of Allotment)<br>ফরম-117ঃ শেয়ার হস্তান্তর (Transfer of Share)<br>ফরম-Xঃ শেয়ার হোল্ডারদের তালিকা (List of Shareholders) | | |
| ০৯ | বাংলাদেশ ব্যাংকের তালিকাভুক্ত 'A' Grade ভুক্ত Chartered Accountants কর্তৃক গ্রাহক প্রতিষ্ঠানের সর্বশেষ ০৩(তিন) বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী (Audited Financial Statement) (ক) ব্যালেন্স সীট (প্রয়োজনীয় নোটের ব্যাখ্যাসহ), (খ) লাভ-ক্ষতির বিবরণী, (গ) ক্যাশ-ফ্লো স্টেটমেন্ট, (ঘ) স্টেটমেন্টস অব চেঞ্জেস ইন ইক্যুইটি, (ঙ) ফাইন্যান্সিয়াল স্টেটমেন্ট এর সাথে সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল নোটের ব্যাখ্যা সহ (সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে)। তবে নতুন প্রজেক্ট এর ক্ষেত্রে শুধুমাত্র প্রোজেক্ট প্রোফাইল এবং ফিজিবিলিটি রিপোর্ট । | | |

| ক্রম | পর্যবেক্ষণের বিষয় | নথি পৃষ্ঠা নং | মন্তব্য |
|---|---|---|---|
| ১০ | অত্র ব্যাংক পরিচালিত সিসি, প্রকল্প ঋণ এবং চলতি হিসাব বিবরণী (বিগত ১ বছরের)। | | |
| ১১ | গ্রাহক প্রতিষ্ঠানের ব্যবসায়িক কার্যসম্পাদন সংক্রান্তঃ<br>(ক) ট্রেডিং ব্যবসা হলে ক্রয়/আমদানি ও বিক্রয়/রপ্তানি বিবরণী,<br>উৎপাদনমুখী ব্যবসা হলে স্থানীয়ভাবে ক্রয় ও আমদানিকৃত কাঁচামালের বিবরণী এবং<br>প্রতিষ্ঠানটি রপ্তানি কার্যসম্পাদন করলে বিগত এক বছরের রপ্তানি বিবরণী। | | |
| ১২ | গ্রাহক প্রতিষ্ঠান Stock Exchange এ তালিকাভুক্ত হলে অনুমোদন সংক্রান্ত প্রয়োজনীয় সকল কাগজ পত্রাদির ফটোকপি। | | |
| ১৩ | উদ্যোক্তাদের ইকুইটি সংস্থানের বিস্তারিত বিবরণ। | | |
| ১৪ | সিসি ঋণ ও এলসি লিমিট এর ক্ষেত্রে গ্রাহক প্রতিষ্ঠান ও শাখা কর্তৃক পৃথক পৃথক চলতি মূলধন চাহিদা নিরূপনের কপি (ফান্ডেড ও নন-ফান্ডেড সহ)। | | |
| ১৫ | প্রতিষ্ঠানটি বাণিজ্যিক উৎপাদন করলে চলতি মূলধন সংস্থানের বিস্তারিত বিবরণ। | | |
| ১৬ | গ্রাহক প্রতিষ্ঠান ও তার সহযোগী প্রতিষ্ঠানের অত্র ব্যাংক ও অন্যান্য ব্যাংকের এক বা একাধিক শাখায় বিদ্যমান ঋণের বর্তমান দায়স্থিতি। | | |
| ১৭ | হালনাগাদ সিআইবি রিপোর্ট (সর্বোচ্চ ৬০ দিনের পুরাতন) | | |
| ১৮ | হালনাগাদ সিআরজি রিপোর্ট বিশ্লেষণসহ সকল কাগজপত্র এবং সর্বশেষ ঋণের ক্ষেত্রে সিআরজি রিপোর্ট। | | |
| ১৯ | প্রস্তাবিত সহযোগী জামানত ও বিদ্যমান জামানত সম্পর্কে শাখার মূল্যায়ন কপি (২৪ কলাম বিশিষ্ট)। উল্লেখ্য জামানতের মূল্য ২০.০০ লক্ষ টাকা বা তার অধিক হলে সংশ্লিষ্ট কমিটি কর্তৃক আবশ্যিকভাবে মূল্যায়ন ও প্রতিবেদন স্বাক্ষরিত হতে হবে। | | |
| ২০ | প্রস্তাবিত সহযোগী জামানত সম্পর্কে তালিকাভুক্ত আইনজীবীর মতামতের ফটোকপি। | | |
| ২১ | প্রস্তাবিত সহযোগী জামানত লীজ সম্পত্তি হলে লীজ এগ্রিমেন্ট সম্পত্তি মর্টগেজ করার ক্ষমতা দেয়া আছে কিনা এবং এ ব্যাপারে লীজ দাতার পূর্বানুমোদন এর কপি। | | |
| ২২ | Letter of Disclaimer সহ গুদাম/দোকান ভাড়া চুক্তি নামার ফটোকপি। | | |
| ২৩ | গ্রাহক প্রতিষ্ঠানে কর্মরত বিভাগ অনুযায়ী জনবলের নাম, পদবী ও শিক্ষাগত যোগ্যতা উল্লেখ পূর্বক তালিকা। | | |
| ২৪ | বাংলাদেশ কৃষি ব্যাংকের নির্ধারিত কমিটি কর্তৃক প্রস্তাবিত ও বিদ্যমান সহযোগী জামানতের মূল্যায়ন প্রতিবেদন। | | |
| ২৫ | প্রস্তাবিত/বিদ্যমান জামানতের বায়া দলিল, মূল দলিল, সিএস, আরএস, এসএ, বিআরএস পর্চা, সংশিষ্ট সাব-রেজিষ্ট্রার অফিস হতে হাল সন পর্যন্ত নির্দায় সনদপত্র, হাল সনের খাজনা রসিদ, মিউটেশন পর্চা, ডিসিআর এর ফটোকপি। | | |
| ২৬ | মূলদলিল সাব-রেজিষ্ট্রার অফিসের তল্লাসী প্রতিবেদনসহ শাখায় সংরক্ষণ করা হয়েছে মর্মে প্রত্যয়নপত্র (বিদ্যমান জামানতের ক্ষেত্রে)। | | |
| ২৭ | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ভূমি ব্যবহারের ছাড়পত্র। | | |
| ২৮ | প্রকল্পের এবং সহযোগী জামানত হিসাবে গৃহীত জমি ও ভবনের স্থির চিত্র। | | |
| ২৯ | সিভিল ডিফেন্স ও ফায়ার ব্রিগেড কর্তৃক ইস্যুকৃত ফায়ার লাইসেন্স কপি এবং মোট বিনিয়োগের উপর ১০% বীমা পলিসির কপি (প্রযোজ্য ক্ষেত্রে)। | | |
| ৩০ | বাংলাদেশ কৃষি ব্যাংক এর অনুমোদন ছাড়া গ্রাহক প্রতিষ্ঠানের মালিকানা পরিবর্তন করা যাবে না মর্মে গ্রাহক কর্তৃক অঙ্গীকারনামা। | | |
| ৩১ | সরবরাহকৃত ছক (সংযুক্ত 'খ') মোতাবেক গ্রাহক প্রতিষ্ঠানের ঋণ প্রস্তাবনার ক্ষেত্রে শাখার প্রত্যয়ন পত্র। | | |
| ৩২ | হালনাগাদ পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)। | | |
| ৩৩ | বিদ্যমান কোম্পানির উপর পরিবেশ অধিদপ্তর কর্তৃক আরোপিত শর্ত সমূহ পরিপালনের কপি(প্রযোজ্য ক্ষেত্রে)। | | |
| ৩৪ | গ্রাহক প্রতিষ্ঠানের মাধ্যমে পরিবেশের কোন ক্ষতি হয় না এই মর্মে গ্রাহক প্রতিষ্ঠান কর্তৃক অঙ্গীকারনামা (প্রযোজ্য ক্ষেত্রে)। | | |
| | | | |

| ক্রম | পর্যবেক্ষণের বিষয় | নথি পৃষ্ঠা নং | মন্তব্য |
|---|---|---|---|
| ৩৫ | ঋণগ্রহীতা প্রতিষ্ঠান এবং পরিচালক বৃন্দ এর নামে ব্যক্তি মালিকানা, অংশীদারীত্ব ও অন্য কোন প্রতিষ্ঠানে স্বার্থ সংশ্লিষ্ট অংশের বিবরণ সম্বলিত শাখার প্রত্যয়নপত্র। | | |
| ৩৬ | কোম্পানির কর্পোরেট গ্যারান্টি এবং পরিচালকদের ব্যক্তিগত জামিননামা (প্রযোজ্য ক্ষেত্রে)। | | |
| ৩৭ | হালনাগাদ কোম্পানির সম্পত্তি ও দায় সম্বলিত বিবরণী। | | |
| ৩৮ | হালনাগাদ স্টক রিপোর্ট। | | |
| ৩৯ | হালনাগাদ IRC/ERC, VAT Registration Certificate, E-TIN Certificate ও ট্রেড লাইসেন্স নবায়নের কপি (আমদানি ও রপ্তানির ক্ষেত্রে প্রযোজ্য)। | | |
| ৪০ | গ্রাহক প্রতিষ্ঠানে বিদেশি কর্মী নিয়োগ থাকলে সংশ্লিষ্ট দেশের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় থেকে অনুমোদনের কপি এবং BOI/সংশ্লিষ্ট Authority থেকে ওয়ার্ক পারমিটের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।। | | |
| ৪১ | ঋণ গ্রাহকের প্রতিষ্ঠানে বিদেশি কোম্পানির বিনিয়োগ থাকলে ঐ বিদেশি কোম্পানির মেমোরেন্ডাম অব এ্যাসোসিয়েশন, আর্টিকেল অব এ্যাসোসিয়েশন, সার্টিফিকেট অব ইনকর্পোরেশন এর কপি এবং সকল গ্রাহক/উদ্যোক্তাগণের নিজ স্বাক্ষরকৃত জীবন বৃত্তান্ত, প্রত্যেকের নিজ স্বাক্ষরকৃত পাসপোর্ট সাইজের ৩ কপি ছবি ও ভিজিটিং কার্ড। | | |

<u>মুল্যায়নকারী কর্মকর্তা</u>

<u>শাখা ব্যবস্থাপক</u>

প্রতিস্বাক্ষরিত-

<u>মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক বিভাগীয় কার্যালয়</u>

০৩.০০ **প্রকল্প ঋণের ক্ষেত্রে প্রযোজ্য (Project Loan)ঃ**

উপরে ২ নং অনুচ্ছেদে বর্ণিত প্রয়োজনীয় তথ্য উপাত্ত ছাড়াও অধীকন্তু Project Loan এর ক্ষেত্রে নিম্ন বর্ণিত তথ্য উপাত্ত দাখিল করতে হবেঃ

| ক্রম | পর্যবেক্ষণের বিষয় | নথি পৃষ্ঠা নং | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | প্রকল্প ভূমির তফসিল, জমির পরিমাণ, ফ্যাক্টরী ভবনসহ অন্যান্য ইউনিটের নিকটস্থ এরিয়া সেকশন, এলিভেশন, (উপযুক্ত প্রকৌশলী/আর্কিটেক্ট, উদ্যোক্তার স্বাক্ষর এবং অনুমোদিত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত)। প্রজেক্ট লে-আউট প্লান স্থানীয় কর্তৃপক্ষ/রাজউক অনুমোদিত (অনুমোদনপত্রসহ)। | | |
| ০২ | গ্রাহক প্রতিষ্ঠানটি রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলের (EPZ) এর আওতায় হলে Bonded were house License এর কপি। | | |
| ০৩ | বোর্ড অব ইনভেষ্টমেন্ট/সংশ্লিষ্ট Authority এর অনুমোদনের কপি। | | |
| ০৪ | ট্যাক্স হলিডে এর বিষয়ে NRB এর অনুমোদন এর কপি। | | |
| ০৫ | প্রকল্পের অবস্থান নকশা এর কপি। | | |
| ০৬ | প্রস্তাবিত প্রকল্প ভূমির অরিজিনাল মৌজাম্যাপ, চৌহদ্দি এর কপি। | | |
| ০৭ | প্রকল্পের/ব্যবসা প্রতিষ্ঠানের প্রয়োজনীয় বিদ্যুৎ, গ্যাস, পানি সংযোগ প্রদানের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন ও হালনাগাদ পরিশোধিত বিলের কপি। | | |
| ০৮ | সয়েল টেষ্ট রিপোর্ট এর কপি। | | |
| ০৯ | উদ্যোক্তা কর্তৃক নিয়োজিত উপদেষ্টা প্রতিষ্ঠানের আর্কিটেক্ট এর স্বাক্ষরিত বিস্তারিত আর্কিটেকচারাল ড্রইং এর কপি। | | |
| ১০ | বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড (BNB Code) এবং আমেরিকান কনক্রিট ইনষ্টিটিউট (ACI Code) এ উল্লেখিত গাইড লাইন অনুযায়ী ভবন সমূহের ষ্ট্রাকচারাল ডিজাইন, ড্রইং/ওয়ার্কিং ড্রইং এর কপি। | | |
| ১১ | প্রকল্পের ভবনসমূহের বন্যা, জলোচ্ছাসসহ ভূমিকম্প প্রতিরোধকমূল্যক FActor বিবেচনায় এনে নির্মিত হয়েছে- এ মর্মে নিয়োজিত কনসালট্যান্ট প্রকৌশলী কর্তৃক ইসুকৃত প্রত্যয়ন পত্র। | | |
| ১২ | প্রকল্প ভবন/পয়নিষ্কাশন/ড্রেনেজ সিস্টেম ইত্যাদির ড্রইং ও ডিজাইন এর কপি। | | |
| ১৩ | স্পেসিফিকেশন, রেইট, বিল অব কোয়ানটিটি এর ক্যালকুলেশনসহ সম্পন্ন ও অসম্পন্ন কাজের বিস্তারিত প্রাক্কলন ব্যয় এর Statement। | | |
| ১৪ | প্রকল্পের মেশিন ব্যবহারকারী প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত মেশিন লে-আউট প্লান অনুযায়ী প্রয়োজনীয় পরিসর "প্রডাকশন কনোগ্রাফ" এর কপি। | | |
| ১৫ | উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত কনসালট্যান্সি ফি এর বিপরীতে কাজের পরিধিসহ অফার লেটার এবং একসেপ্টেন্স লেটার এর কপি। | | |
| ১৬ | উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত প্রকল্প ভবন নির্মাণ কাজের সুপারভিশন ফি এর বিপরীতে কনষ্ট্রাকশন কোম্পানির গৃহীত অনুমোদিত দরপত্র এর কপি। | | |
| ১৭ | পূর্ত কাজের/প্রকল্পের সম্পূর্ণ কাজের টাইম সিডিউল/বার চার্ট, সিপিএম (ক্রিটিক্যাল পাথ মেথোড) এর কপি। | | |
| ১৮ | আমদানিতব্য ও স্থানীয় যন্ত্রপাতির মূল্য সরবরাহকারী বা উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিকট হতে ই-মেইলের মাধ্যমে প্রফর্মা ইন ভয়েস এর যথার্থতা সঠিকভাবে যাচাই করা হয়েছে মর্মে শাখা কর্তৃক প্রত্যয়নপত্র এর কপি। | | |
| ১৯ | আমদানিতব্য যন্ত্রপাতির ক্ষেত্রে ম্যানুফ্যাকচারিং/সরবরাহকারী সম্পর্কে আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন রেটিং কোম্পানী কর্তৃক ক্রেডিট রিপোর্ট এর কপি। | | |

মুল্যায়নকারী কর্মকর্তা

শাখা ব্যবস্থাপক

মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক বিভাগীয় কার্যালয়